প্রচার করা হলো
27/04/26


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও
doict.thakurgaonsadar.thakurgaon.gov.bd


**স্মারক নম্বর:** ৫৬.০৪.৯৪৯৪.০০০.০০০.২৩.০০০২.২২.১৮

তারিখ: ১৪ বৈশাখ ১৪৩৩ / ২৭ এপ্রিল ২০২৬

**বিষয়: 'জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা-২০২৬'-এ শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ও অংশগ্রহণ নিশ্চিতকরণ প্রসঙ্গে।**

সূত্র: বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর স্মারক নং ৫৬.০১.০০০০.০০০.২০৭.১৩.০০০১.২৬.৪৬; তারিখ- ২৩ এপ্রিল ২০২৬।

. উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)-এর উদ্যোগে দেশব্যাপী 'জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা-২০২৬' আয়োজিত হতে যাচ্ছে। এই প্রতিযোগিতার মূল উদ্দেশ্য হলো ৬ষ্ঠ থেকে ১২শ শ্রেণির শিক্ষার্থীদের প্রোগ্রামিং, আইসিটি এবং গাণিতিক যুক্তিনির্ভর মেধা বিকাশে আগ্রহী করে তোলা।

২। উল্লেখ্য যে, প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আগামী **০২ মে ২০২৬** তারিখ রাত ১২:০০ ঘটিকার মধ্যে অনলাইনে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পূর্ণ বিনামূল্যে এবং https://nhspc.bcc.gov.bd/ এই ওয়েব ঠিকানায় গিয়ে সম্পন্ন করা যাবে। প্রতিযোগিতাসমূহ নির্বাচিত ভেন্যু সমুহে অনুষ্ঠিত হবে।

৩। প্রতিযোগিতার সংক্ষিপ্ত তথ্যাদি নিম্নরূপ:

| ক্রমিক নং | প্রতিযোগিতা | ক্যাটেগরিসমূহ | শ্রেণী |
|---|---|---|---|
| ১. | প্রোগ্রামিং প্রতিযোগিতা (প্রোগ্রামিং ভাষা: C, C++, এবং Python) | ক) জুনিয়র | ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত |
| ২. | | খ) সেকেন্ডারি | নবম থেকে দশম শ্রেণী পর্যন্ত |
| ৩. | | গ) হায়ার সেকেন্ডারি | একাদশ থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত |
| ৪. | কুইজ প্রতিযোগিতা | ক) জুনিয়র ক্যাটাগরি | ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত |
| ৫. | | খ) সিনিয়র ক্যাটাগরি | নবম থেকে দশম শ্রেণী পর্যন্ত |

৪। এমতাবস্থায়, আপনার প্রতিষ্ঠানের আগ্রহী শিক্ষার্থীদের আগামী ০২ মে ২০২৬ তারিখের মধ্যে উল্লিখিত লিঙ্কে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে এবং প্রতিযোগিতায় সক্রিয়ভাবে অংশগ্রহণ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

**সংযুক্তিঃ**
(১) এক্টিভেশন স্ক্রিপ্টpdf


২৭-০৪-২০২৬
মোঃ আসাদুজ্জামান
উপজেলা আইসিটি অফিসার (সহকারী প্রোগ্রামার)
ফোন : ০১৭২১৯১১৮৯৯
ইমেইল : doictthakurgaonsadar@gmail.com


অধ্যক্ষ/সুপার/প্রধান শিক্ষক
.............................................................................., ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।

প্রচার করা হলো
২৮/০৪/২৬

# জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০২৬

প্রিয় শিক্ষার্থীবন্ধুরা,

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর তত্ত্বাবধানে ৬ষ্ঠ শ্রেণি থেকে ১২শ পর্যন্ত শিক্ষার্থীদের জন্য "জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০২৬" আয়োজন করতে যাচ্ছে।

২০১৫ সাল থেকে বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এই আয়োজনটি তোমাদের জন্য আয়োজন করে আসছে শুধুমাত্র এই উদ্দেশ্য যে — তোমাদের মতো মেধাবী শিক্ষার্থীদেরকে প্রোগ্রামিং, আইসিটি, কুইজ এবং নতুন প্রযুক্তির প্রতি আগ্রহী করে তোলা ও দাবা সহ আরও অন্যান্য বুদ্ধিবৃত্তিক কার্যক্রমে যেন তোমরা যুক্ত হতে পার তার জন্যই এই আয়োজন। তাই তোমাদের জন্য এবছর আবারও আয়োজন করা হচ্ছে

**জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা - ২০২৬**

তোমরা যারা প্রোগ্রামিং পার তারা প্রোগ্রামিং এ ও যারা প্রোগ্রামিং পার না তারা কুইজ প্রতিযোগিতায় অংশ নিতে পারবে।

- প্রোগ্রামিং প্রতিযোগিতায় মোট তিনটি ক্যাটাগরিতে অংশ নিতে পারবে জুনিয়র (৬ষ্ঠ হতে ৮ম শ্রেণি), সেকেন্ডারি (৯ম হতে ১০ম শ্রেণি) এবং হায়ার সেকেন্ডারি (১১শ থেকে ১২শ শ্রেণি) পর্যন্ত যে কেউ — সাধারণ শিক্ষা, মাদ্রাসা, কারিগরি কিংবা ব্রিটিশ কারিকুলামে পড়ো — এমন সবাই অংশ নিতে পারবে।

- কুইজ প্রতিযোগিতায় অংশ নিতে পারবে দুইটি গ্রুপে — জুনিয়র (৬ষ্ঠ–৮ম শ্রেণি) এবং সেকেন্ডারি (৯ম–১০ম শ্রেণি)।

- প্রোগ্রামিংয়ে C, C++ বা Python ব্যবহার করে তোমাদের ৬ থেকে ১০টি প্রোগ্রামিং সমস্যা সমাধান করতে হবে।

এই প্রতিযোগীতায় অংশগ্রহণের জন্য তোমাদের প্রথমে অনলাইনে **https://nhspc.bcc.gov.bd/** ঠিকানায় গিয়ে রেজিস্ট্রেশন করতে হবে। এরপর ২৪ টি আঞ্চলিক ভেন্যুর যেকোন একটিতে গিয়ে তোমাদের স্বশরীরে প্রতিযোগিতায় অংশ নিতে হবে। আঞ্চলিক প্রতিযোগিতার বিজয়ীদের নিয়ে চূড়ান্ত পর্ব ঢাকায় অনুষ্ঠিত হবে। সেখানে বিজয়ীদের জন্য থাকছে সার্টিফিকেট, নানান আকর্ষনীয় পুরস্কার এবং আরও অনেক আয়োজন। আয়োজনের বিস্তারিত তোমরা আমাদের ওয়েবসাইটে পাবে। তাই তোমরা আগ্রহী যারা আছ আজকেই **https://nhspc.bcc.gov.bd/** ঠিকানায় গিয়ে রেজিস্ট্রেশন করে ফেলো। কারন রেজিস্ট্রেশন করা যাবে **০২ মে ২০২৬ রাত ১২:০০ ঘটিকা পর্যন্ত।**

**স্মারক নম্বর:** ৫৬.০৪.৯৪৯৪.০০০.০০০.২৩.০০০২.২২.১৮/১(৩)

তারিখ: ১৪ বৈশাখ ১৪৩৩
২৭ এপ্রিল ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপজেলা নির্বাহী অফিসার, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।

২। জেলা আইসিটি অফিসার (প্রোগ্রামার), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঠাকুরগাঁও।

৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।

Asaduzzaman

২৭-০৪-২০২৬
মোঃ আসাদুজ্জামান
উপজেলা আইসিটি অফিসার (সহকারী প্রোগ্রামার)

# সচরাচর জিজ্ঞাসিত প্রশ্ন ও উত্তর

- **এনএইচএসপিসি ২০২৬ কী?**

  জাতীয় হাই স্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা (NHSPC) হলো ৬ষ্ঠ থেকে ১২শ শ্রেণির শিক্ষার্থীদের জন্য একটি প্রোগ্রামিং ও কুইজ প্রতিযোগিতা, যার আয়োজক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।

- **কে অংশ নিতে পারবে?**

  বাংলাদেশের সকল স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ডের ৬ষ্ঠ থেকে ১২শ শ্রেণির শিক্ষার্থীরা অংশ নিতে পারবে।

  - **সাধারণ শিক্ষা বোর্ড** – এইচএসসি ২০২৬ পরীক্ষার্থী পর্যন্ত
  - **মাদরাসা শিক্ষা বোর্ড** – আলিম ২০২৬ পরীক্ষার্থী পর্যন্ত
  - **কারিগরি শিক্ষাবোর্ড** – পলিটেকনিক ৪র্থ সেমিস্টার পর্যন্ত
  - **ব্রিটিশ কারিকুলাম** – ২০২৬ সালের A2 পরীক্ষার্থী পর্যন্ত

- **প্রতিযোগিতায় কয়টি বিভাগ আছে?**

  প্রতিযোগিতায় মোট দুটি বিভাগ রয়েছে।

  - প্রোগ্রামিং প্রতিযোগিতা (সমস্যা সমাধান) এবং
  - কুইজ প্রতিযোগিতা (এমসিকিউ)।

  এ ছাড়াও কুইজ প্রতিযোগিতার অংশগ্রহণকারীরা দাবা প্রতিযোগিতায় ও অংশ নিতে পারবে।

- **নিবন্ধন কীভাবে করবো?**

  nhspc.bcc.gov.bd ঠিকানায় গিয়ে ওয়েবসাইটের নিবন্ধন পাতা থেকে ফর্ম পূরণ করতে হবে।

- **নিবন্ধনের জন্য কি কোনো ফি আছে?**

  না, এনএইচএসপিসি ২০২৬-এ নিবন্ধন সম্পূর্ণ বিনামূল্যে।

- **প্রোগ্রামিং প্রতিযোগিতায় কোন ভাষা ব্যবহার করা যাবে?**

  C, C++, এবং Python ব্যবহার করা যাবে।

- **প্রোগ্রামিং প্রতিযোগিতার ধাপগুলো কী কী?**

  মোট দুইটি ধাপ: আঞ্চলিক বাছাই বাছাই প্রতিযোগিতা, এবং জাতীয় বা ফাইনাল প্রতিযোগিতা।

- **কুইজ প্রতিযোগিতার ফরম্যাট কেমন?**

  আঞ্চলিক পর্যায়ে ৩০ মিনিটে ৩০-৫০টি এমসিকিউ এবং জাতীয় পর্যায়ে ৫০টি প্রশ্ন থাকবে। কুইজ প্রতিযোগিতায় মোট দুইটি ক্যাটাগরি: জুনিয়র ও সেকেন্ডারি থাকবে।

- **প্রতিযোগিতার জন্য কি নিজের ল্যাপটপ নিয়ে যেতে হবে?**
  না, আঞ্চলিক ও জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় আয়োজকরা ভেন্যুতে কম্পিউটার এর ব্যবস্থা করবে।
- **আমি কি প্রোগ্রামিং আর কুইজ দুটোতেই অংশ নিতে পারি?**
  না, তুমি দুটো প্রতিযোগিতার মধ্যে যেকোন একটিতে নিবন্ধন করতে পারবে।
- **আমি কি একাধিক আঞ্চলিক প্রতিযোগিতার জন্য নিবন্ধন করতে পারি?**
  না, তোমাকে যেকোন একটি আঞ্চলিক ভেন্যুর বিপরীতে রেজিস্ট্রেশন করতে হবে। যদি কোনো প্রতিযোগীকে একাধিক আঞ্চলিক প্রতিযোগিতার জন্য নিবন্ধন করে থাকে তাহলে তার নিবন্ধন বাতিল করা হবে।
- **প্রতিযোগিতার জন্য কীভাবে প্রস্তুতি নেবো?**
  প্রোগ্রামিং প্রতিযোগিতার জন্য **nhspc.bcc.gov.bd** ওয়েবসাইটের রিসোর্স পাতায় বই, ব্লগ, ইউটিউব চ্যানেল, এবং toph.co-তে অনুশীলন প্রতিযোগিতার লিংক রয়েছে। কুইজ প্রতিযোগিতার জন্য NCTB ICT Book – Class 6 to 12 আইসিটি পাঠ্যবই গুলি পড়তে হবে।
- **আঞ্চলিক প্রতিযোগিতা কোথায় হবে?**
  আঞ্চলিক পর্যায়ের প্রতিযোগিতা বিসিসি'র ৮টি আঞ্চলিক কার্যালয় ও ১৬টি পাবলিক বিশ্ববিদ্যালয়সহ মোট ২৪টি ভেন্যুতে অনুষ্ঠিত হবে।
- **জাতীয় প্রতিযোগিতা কোথায় অনুষ্ঠিত হবে?**
  জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০২৬ এর জাতীয় পর্যায়ের প্রতিযোগিতা ঢাকার কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ (কেআইবি), বিসিসির বিকেআইআইসিটি ও আইআইটি, ঢাকা বিশ্ববিদ্যালয় এ অনুষ্ঠিত হবে।
- **প্রোগ্রামিংয়ে আমার কোনো অভিজ্ঞতা নেই। তবুও কি অংশ নিতে পারি?**
  হ্যাঁ পারবে। রেজিস্ট্রেশন করার পর প্রোগ্রামিং এর প্রাথমিক ধারণার জন্য আমাদের ওয়েবসাইট থেকে রিসোর্সগুলি পড়ে তুমি প্রস্তুতি নিতে পারো।
- **পুরস্কার কী কী?**
  আঞ্চলিক ও জাতীয় পর্যায়ে বিজয়ীরা সার্টিফিকেট, ট্রফি ও পুরস্কার পাবে। জাতীয় পর্যায়ের বিজয়ীদের জন্য থাকবে আকর্ষণীয় পুরস্কার।
- **প্রতিযোগিতার ফলাফল কীভাবে জানবো?**
  প্রতি ধাপের প্রতিযোগিতা শেষে আমাদের ওয়েবসাইটে ফলাফল প্রকাশিত হবে।
- **যদি আমার আরও প্রশ্ন থাকে, কার সাথে যোগাযোগ করবো?**
  তোমার আরও প্রশ্নের উত্তরের জন্য আমাদের ফেসবুক পেইজে ম্যাসেজ দিতে পারো অথবা alamgir@bcc.gov.bd এ ই-মেইলে যোগাযোগ করা যেতে পারে।